

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, পঞ্চগড়  
ও  
রিটার্নিং অফিসারের কার্যালয়, পঞ্চগড়  
[www.panchagarh.gov.bd](http://www.panchagarh.gov.bd)

নং-১৭.০৪.৬৪০০০.০০০.৩৬.০০১.২৩-৪৭০

তারিখঃ ২ অগ্রহায়ণ ১৪৩০  
১৭ নভেম্বর ২০২৩

### পোস্টাল ব্যালটে ভোটদান সংক্রান্ত গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন ১৫ নভেম্বর ২০২৩ তারিখে নির্বাচনের সময়সূচি প্রকাশ করেছেন। উক্ত সময়সূচি অনুযায়ী ভোটগ্রহণের তারিখ আগামী ০৭ জানুয়ারি ২০২৪ রোজ রবিবার। দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে কতিপয় ব্যক্তিবর্গের জন্য পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটাধিকার প্রয়োগের বিধান রয়েছে।

২। পোস্টাল ব্যালটে ভোটদানঃ গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ২৭ অনুচ্ছেদ অনুযায়ী জাতীয় সংসদ নির্বাচনে নিয়ন্ত্রণ ব্যক্তিবর্গ পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন:

(ক) ভোটার জালিকা আইন, ২০০৯ এর ৮ এর উপ-ধারা (৩) ও (৫) এ উল্লিখিত কোনো ব্যক্তি;

(খ) কোনো ব্যক্তি তিনি যে ভোট কেন্দ্রে ভোট প্রদানের অধিকারী সে কেন্দ্র ব্যতীত, অন্য কোন ভোট কেন্দ্রে নির্বাচন সংক্রান্ত কোন দায়িত্ব পালনের জন্য নিযুক্ত আছেন; এবং

(গ) বিদেশে বসবাসরত কোনো বাংলাদেশি ভোটার।

৩। পোস্টাল ব্যালটে ভোটদানের জন্য আবেদনঃ ভোটদানের জন্য (ক) দফায় উল্লিখিত ব্যক্তিবর্গ কমিশন কর্তৃক নির্বাচনি সময়সূচির প্রজ্ঞাপন ঘোষণার দিন হতে ১৫ (পনের) দিনের মধ্যে পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটদানের জন্য রিটার্নিং অফিসারের নিকট বিধি অনুসারে আবেদন করতে পারবেন এবং নির্বাচনের কাজে নিযুক্ত ব্যক্তিগণকেও নির্বাচনি কাজে নিয়োগপ্রাপ্ত হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের নিকট আবেদন করতে হবে।

৪। কোন ভোটার পোস্টাল ব্যালটে ভোট প্রদানের জন্য তার ব্যালট পেপার প্রাপ্তির পর, নির্ধারিত পদ্ধতিতে, তার ভোট রেকর্ড করিবার পর ব্যালট পেপারটি দফা (৩) এর অধীন তার নিকট প্রেরিত খামে ন্যূনতম বিলম্বের মধ্যে রিটার্নিং অফিসারের নিকট ডাকযোগে প্রেরণ করবেন।

উল্লেখ্য পঞ্চগড় জেলার ২টি সংসদীয় আসনের [১ পঞ্চগড়-১ (তেজুলিয়া, সদর ও আটোয়ারী) ২ পঞ্চগড়-২ (বোদা ও দেবীগঞ্জ)] পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটদানের জন্য যোগ্য ভোটারগণ উপরের নির্দেশনা অনুসরণ করে আগামী ৩০ নভেম্বর ২০২৩ তারিখের মধ্যে নিয় স্বাক্ষরকারী বরাবর আবেদন করতে পারবেন।

তারিখঃ ১ ৭ দিন ১ ১ মাস ২ ০ ২ ৩ বৎসর



(মোঃ জহুরুল ইসলাম)  
জেলা প্রশাসক, পঞ্চগড়

ও  
রিটার্নিং অফিসার  
☎ ০২৫৮৯৯৪২০০০


ই-মেইল: [dcpachagarh@mopa.gov.bd](mailto:dcpachagarh@mopa.gov.bd)

নং-১৭.০৪.৬৪০০০.০০০.৩৬.০০১.২৩-৪৭০/১(২৬)

তারিখঃ ২ অগ্রহায়ণ ১৪৩০  
১৭ নভেম্বর, ২০২৩

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২. বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর
৩. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রংপুর অঞ্চল, রংপুর
৪. পুলিশ সুপার, পঞ্চগড়
৫. জেলা নির্বাচন অফিসার, পঞ্চগড়
৬. উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার (সকল), পঞ্চগড় (তীকে বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৭. জেলা ডপ্তারী অফিসার, পঞ্চগড় (তীকে বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৮. জেলা কমান্ড্যান্ট, আনসার ডিডিপি, পঞ্চগড়
৯. প্রোগ্রামার, তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, পঞ্চগড় (বিজ্ঞপ্তিটি জেলা ওয়েব পোর্টালে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
১০. উপজেলা নির্বাচন অফিসার (সকল), পঞ্চগড়
১১. সভাপতি/সম্পাদক, পঞ্চগড় প্রেস ক্লাব, পঞ্চগড়
১২. নোটিশ বোর্ড।
১৩. অফিস কপি।



জেলা প্রশাসক, পঞ্চগড়

ও  
রিটার্নিং অফিসার